ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৯৭৭

মোহনপুর, ৩১ মে, ২০২৫

**আগামীকাল তুফানিয়া লুঙ্গা টি এস্টেট জেবি স্কুল মাঠে মেগা প্রশাসনিক শিবির**

১ জুন বামুটিয়া ব্লকের অন্তর্গত তুফানিয়া লুঙ্গা টি এস্টেট জেবি স্কুল মাঠে মেগা প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হবে। এছাড়াও অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী চা শ্রমিক কল্যাণ প্রকল্পে পাট্টা বিতরণ করা হবে। অনুষ্ঠানে উদ্বোধক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। এদিন রক্তদান শিবির, নেশামুক্ত অভিযানের উপর সচেতনতামূলক র‍্যালি, বৃক্ষরোপন, আইনী শিবির, স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। এছাড়া কৃষি দপ্তর থেকে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হবে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ, সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক কুমার সিনহা।

******